


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪৪১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
E-mail: dgdncbd@gmail.com Website: www.dnc.gov.bd

অফিস আদেশ

পেথিডিন/মরফিন ইনজেকশন ব্যবহার পারমিট ও খুচরা বিক্রয় লাইসেন্স প্রাপ্তির আবেদনকারীগণ সংশ্লিষ্ট জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ে আবেদনপত্র দাখিল করবেন এই মর্মে একটি অফিস আদেশ জারীর জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেছেন। মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সংশ্লিষ্ট জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ে পেথিডিন/মরফিন ইনজেকশন ব্যবহার পারমিট ও খুচরা বিক্রয় লাইসেন্স প্রাপ্তির আবেদনকারীগণ সংশ্লিষ্ট জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ে আবেদন করবেন। সংশ্লিষ্ট জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্মকর্তা আবেদনের বিষয়ে সরেজমিনে তদন্ত করে চেকলিষ্ট মোতাবেক সুপারিশসহ কাগজপত্রাদি বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের মাধ্যমে মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন। সর্বোচ্চ ১৫(পনের) কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদনসহ কাগজপত্রাদি প্রধান কার্যালয়ে পৌছাতে হবে।

২। জনস্বার্থে এ আদেশ মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে জারী করা হলো।



(মু. নূরুজ্জামান শরীফ এনডিসি)
(যুগ্ম সচিব)
পরিচালক(চিকিৎসা ও পুনর্বাসন)
(অতিরিক্ত দায়িত্ব)
ফোনঃ ৮৮৭০০১৪

নং- ৪৪.০৪.০০০০.০০৮.১৮.০১১.০৯/ ৩৪৭০

তারিখ- ১৪/০০/২০১৬ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ১। পরিচালক, প্রশাসন/অপারেশন/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
- ২। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ
- ৩। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। অফিস আদেশটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়েব সাইট-এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৪। উপ-পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়।
- ৫। উপ পরিচালক/ সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় -----।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৭। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। অফিস কপি/মাষ্টার ফাইল।


(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
(অতিরিক্ত দায়িত্ব)